# মেহেরপুর পৌরসভা

## মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/১১/২০২০ ইং তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. UGIIP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ২য় পর্যায়ের কাজ শুরু করার বিষয় নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২১/১০/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। | পঠিত ও গৃহীত হল |
| UGIIP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ২য় পর্যায়ের কাজ শুরু করার বিষয় নিয়ে আলোচনা। | সভাপতি মহোদয় সভায় জানান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমের উপর মেহেরপুর পৌরসভায় UGIIP-III প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ১ম পর্যায়ের কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। তবে ২য় পর্যায়ের কাজের সর্বশেষ অবস্থা জানানোর জন্য সভাপতি মহোদয় বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ১ম পর্যায়ের কাজের শেষে ইতি মধ্যে বিল/ভাউচার ও এমবি করা হয়েছে। ইতি মধ্যে এই প্রকল্পের জন্য নিয়োগকৃত অডিট টিম এই কাগজ পত্র অডিট সম্পন্ন করেছেন। বর্তমানে ২য় পর্যায়ের কাজের অর্থ সংশ্লিষ্ঠ ব্যাংক হিসাবে প্রেরণের জন্য মেয়র মহোদয়ের নিকট আবেদন করা হয়েছে। বস্তি | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| | উন্নয়ন কর্মকর্তা সভায় আরোও জানান অনুমোদিত ৬টি বস্তিতে মোট ১৪ টি সোলার ষ্টিট লাইট আছে। কমিউনিটি এ্যাকশন প্ল্যান অনুযায়ী ষ্টিট লাইট গুলি স্থান মেয়র মহোদয় নিজে পর্যবেক্ষণ করেছেন এবং চিহ্নিত যায়গায় ষ্টিট লাইটগুলি স্থাপনের নির্দেশনা দিয়েছেন। সে অনুযায়ী ষ্টিট লাইট স্থাপনের কাজ চলছে। আশা করা যায় দু-একদিনের মধ্যে ১৪টি ষ্টিট লাইট স্থাপন শেষ হবে। মেয়র মহোদয় সেই সাথে যে ফুটপাথ ও ড্রেন বাকি আছে তা দ্রুততার সাথে শেষ করার নির্দেশনা দিয়েছেন। সে আলোকে প্রস্তুতি নেওয়া হচ্ছে যাতে খুব দ্রুত এই ফুটপাথ ও ড্রেনের কাজ শেষ করা যায়। এ ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের সহায়তা কামনা করেন।<br>মেয়র মহোদয় সভায় বলেন, আমরা ২য় পর্যায়ের কাজের জন্য সব প্রস্তুতি সম্পন্ন করেছি। এস আইসির আবেদনের প্রেক্ষিতে ২য় কিস্তির অর্থ ইতি মধ্যে সংশ্লিষ্ঠ হিসাবে প্রেরণের জন্য অনুমোদন করা হয়েছে। খুব শিঘ্রই এই অর্থ এস আইসির হিসাব নম্বরে প্রেরণ করা হবে। মেয়র মহোদয় বলেন, সংশ্লিষ্ঠ হিসাবে অর্থ প্রেরণের পরপরই যাতে ২য় পর্যায়ের কাজ শুরু করতে হবে। | |
| বিবিধ | জনাব মোঃ আল মামুন কাউন্সিলর ২ নং ওয়ার্ড সভায় বলেন, বস্তি উন্নয়ন কাজে প্রতিটি বস্তিতে যে পরিমাণ পায়খানা ও টিউবওয়েল চাহিদা ছিল তার কিছু কম বরাদ্দ পাওয়া গেছে। তাহলে কারা এই পায়খানা পাবে তা নির্ধারণ করা উচিত। এ বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।<br>মেয়র মহোদয় সভায় বলেন, যে বস্তিতে কমিউনিটি এ্যাকশন প্ল্যান অনুযায়ী পায়খানা ও টিউবওয়েল হবে। তিনি নিজে গিয়ে কমিউনিটি এ্যাকশন প্ল্যান অনুযায়ী পায়খানা ও টিউবওয়েলের স্থান নির্ধারণ করবেন। এই কাজ সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। | মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি। |

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ..........................................., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

# মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/১১/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন | মেয়র, মেহেরপুর পৌরসভা | |
| ২ | জনাব মোছাঃ শিউলী খাতুন | কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা | |
| ৩ | জনাব হামিদা | মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা। | |
| ৪ | জনাব মোঃ আল মামুন | কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | |
| ৫ | জনাব মোঃ হারুন-উর-রশীদ | নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা | |
| ৬ | হোসনে আরা | দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি | |
| ৭ | মাসুদ শেখ | দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি | |
| ৮ | খোন্দকার জাহিদুল হক | বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা | |
| ৯ | মোঃ আমিরুল ইসলাম | CDA (UGIIP-III) | |
| ১০ | | | |